

অধ্যক্ষের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

১ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১ জুলাই ২০১৯ ০৮:৩৬



সত্যের সন্ধানে
আমাদের সময়

স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. বিল্লাল আলমের বিরুদ্ধে। ওই ছাত্রী অভিযোগ করেছেন, ডা. বিল্লাল আলমের অনৈতিক প্রস্তাবে রাজি না হওয়ায় হোস্টেলে তার খাবার বন্ধ, হোস্টেল থেকে বহিষ্কারসহ শিক্ষা কার্যক্রম এক বছর পিছিয়ে দেওয়া হয়েছে।

ভুক্তভোগী ছাত্রী গতকাল রবিবার বিষয়টি নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে লিখিত অভিযোগ দাখিল করেছেন। লিখিত বক্তব্যে ওই ছাত্রী অভিযোগ করেন, তিনি স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের ২০০৬-০৭ শিক্ষাবর্ষের ছাত্রী। ২০১৬ সালে ৩৯তম ব্যাচের অ্যাসেসমেন্ট পরীক্ষার পর হল থেকে বেরিয়ে হোস্টেলে যাওয়ার পথে শুনতে পান অধ্যক্ষ তাকে নিজ কক্ষে দেখা করতে বলেছেন। তিনি বিষয়টি ক্যাম্পাসের বড়ভাই তৎকালীন ছাত্রলীগ নেতা ডা. জাবেদ ও ডা. মিজানকে জানান। এরপর অধ্যক্ষের রুমে গেলে কথাবার্তার এক পর্যায়ে অধ্যক্ষ তার গায়ে হাত দেন ও জড়িয়ে ধরেন। প্রতিবাদ করলে অধ্যক্ষ তাকে গালাগালি করেন।

অভিযোগ অস্বীকার করে অধ্যক্ষ ডা. বিল্লাল আলম বলেন, এই মেয়েটি ২০০৬ সালে ভর্তি হয়েছে। তার সঙ্গে সবাই ২০১১ সালে পাস করে গেছে, সে এখনো পাস করতে পারেনি। আমি অধ্যক্ষ হিসেবে যোগ দিয়েছি ২০১৫ সালে। আর আমি মেডিসিন বিভাগের প্রধান, আমি সার্জারি বিভাগের না। এক বছর আগে এই মেয়েটি সার্জারি বিভাগের মৌখিক পরীক্ষায় কানের মধ্যে ডিভাইসসহ ধরা পড়ে। এরপর তাকে বহিষ্কার করা হয়েছে। মেয়েটি ছাত্রলীগ করে। সাবেক স্বাস্থ্যমন্ত্রীর কাছে গিয়েছিল। তখন সেখানে সুযোগ পায়নি।